

শান্ত-মারিয়াম ইউনিভার্সিটি অব ক্রিয়েটিভ টেকনোলজি

এসএমইউসিটি/সাধা/অভ্য./বিজ্ঞপ্তি/২২/০৬/১৩৪

তারিখ: ০৬-০৮-২০২২

বিশ্ববিদ্যালয়ের সকল এয়ার কন্ডিশনার (এসি) ২৬° সেলসিয়াস তাপমাত্রায় ব্যবহার ও বিদ্যুৎ সাশ্রয় সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয় ও ইউজিসির নির্দেশনা মোতাবেক জ্বালানী ও বিদ্যুৎ সাশ্রয়ের নিমিত্তে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো:-

১. বিশ্ববিদ্যালয়ের সকল ক্লাস রুম, বিভাগ ও দপ্তরসমূহে ২৫% বিদ্যুৎ ব্যবহার কমাতে হবে;
২. বিদ্যুতের অপচয় হ্রাসকল্পে এবং বিদ্যুৎ সাশ্রয়ের জন্য বিশ্ববিদ্যালয়ের ক্লাস রুম, বিভাগ ও দপ্তরসমূহের এয়ার কন্ডিশনারের (AC) তাপমাত্রা ২৬° সেলসিয়াস নির্ধারণ করতে হবে;
৩. ক্লাস শেষ হওয়ার পূর্বেই সংশ্লিষ্ট রুমের এসি (AC), লাইট, ফ্যান ও অন্যান্য ডিভাইসের সুইচ বন্ধ নিশ্চিত করতে হবে। অফিস সময়ে বৈদ্যুতিক লাইট এর পরিবর্তে ডে-লাইট (প্রাপ্যতা সাপেক্ষে) ব্যবহার করতে হবে।
৪. শিক্ষক ও কর্মকর্তাগণ বিভাগ/দপ্তরে না থাকলে সংশ্লিষ্ট রুমের এসি (AC), লাইট, ফ্যান ও অন্যান্য ডিভাইসের সুইচ বন্ধ রাখতে হবে এবং
৫. যে সকল সভা/অনুষ্ঠান অনলাইনে/ভার্চুয়ালি করা সম্ভব সে সকল সভা/অনুষ্ঠান স্বশরীরে আয়োজন পরিহার করতে হবে।

সংশ্লিষ্ট সকলকে বিদ্যুৎ সাশ্রয়ী নির্দেশনা যথাযথভাবে পালন করার জন্য অনুরোধ করা হলো।

সংশ্লিষ্ট মনিটরিং টিমের আকস্মিক পরিদর্শনে এর ব্যতিক্রম পাওয়া গেলে সংশ্লিষ্ট ব্যবহারকারী দায়ী থাকবে।

এই বিজ্ঞপ্তিটি মাননীয় ভারপ্রাপ্ত ভাইস-চ্যান্সেলরের নির্দেশনা মোতাবেক জারি করা হলো।

৭.৮.২২

(ড. পাড় মশিয়ার রহমান)
রেজিস্ট্রার



অনুলিপি :

১. সংশ্লিষ্ট সকল
২. মাননীয় ভারপ্রাপ্ত ভাইস-চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব
৩. সচিব, বোর্ড অব ট্রাস্টিজ
৪. নোটিশ বোর্ড /অফিস নথি